



## নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ

হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন  
অ্যাশউইন ভাসান, MD, PhD  
কমিশনার

05 এপ্রিল 2024

প্রিয় পিতামাতা ও অভিভাবকগণ,

আপনার সন্তান তার সর্বশেষ প্রতিষেধকগুলো গ্রহণ করেছে কি না, সেটা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। প্রতিষেধকগুলো মৃত্যুবুঁকির কারণ, এমন বহু রোগ আমাদের স্কুল ও কমিউনিটিতে ছড়িয়ে পড়া প্রতিরোধ করে। বর্তমানে যুক্তরাষ্ট্রসহ কয়েকটি দেশে হাম (মিজলস)-এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। নিউ ইয়র্ক সিটি (NYC)-তে 2024 সালে চারটি হাম সংক্রমণ ধরা পড়েছে। এছাড়াও সম্প্রতি যুক্তরাষ্ট্রে ও NYC-তে পারটুসিস (হুপিং কফ) বিস্তার হতে দেখা গেছে। এমনকি নিউ ইয়র্ক স্টেটে 2022 সালে একটি পোলিও সংক্রমণের ঘটনাও দেখা গেছে, যেটি এমন একটি বিপজ্জনক রোগ যা 2013 থেকে যুক্তরাষ্ট্রে দেখা যায়নি। এ রোগগুলোর সবটাই শৈশবকালে নিয়মবদ্ধ প্রতিষেধক দ্বারা নিরোধযোগ্য।

আমাদের সকল ছেলেমেয়ে তাদেরকে ও কমিউনিটিকে সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় সকল প্রতিষেধক গ্রহণ করেছে, সেটা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটির একজন চিকিৎসক ও স্কুল-বয়সী শিক্ষার্থীর পিতামাতা হিসেবে আমি আপনার সহায়তা চাইছি।

অনুগ্রহ করে আপনার সন্তানের ইমিউনাইজেশন (টিকা-ইঞ্জেকশন) রেকর্ড পরীক্ষা করুন এবং কোনো প্রতিষেধক অসম্পূর্ণ থাকলে আপনার সন্তানকে তার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে নিয়ে যান। আপনার সন্তানের রেকর্ড আপনার কাছে না থাকলে অনুগ্রহ করে তার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনার সন্তান নিউ ইয়র্কে প্রতিষেধক টিকা-ইঞ্জেকশন গ্রহণ করে থাকলে আপনি অনলাইনে আপনার সন্তানের রেকর্ড দেখতে পারেন [myvaccinerecord.cityofnewyork.us/myrecord](http://myvaccinerecord.cityofnewyork.us/myrecord) ওয়েবপেজ-এ 'মাই ভ্যাকসিন রেকর্ড' (আমার প্রতিষেধকের রেকর্ড)-এ গিয়ে। আপনার সন্তানকে স্কুলে যেতে হলে তার কোন প্রতিষেধক টিকা-ইঞ্জেকশন গ্রহণ করা প্রয়োজন, আপনার সন্তানের স্কুলও আপনাকে তা জানাতে পারে।

বিশ্ব জুড়ে হাম প্রতিষেধক গ্রহণের হার হ্রাসের কারণে তার প্রাদুর্ভাব বেড়েছে, যা যুক্তরাষ্ট্রে আগত প্রতিষেধকবিহীন ভ্রমণকারীদের অসুস্থ হওয়ার এবং বাড়িতে ফেরার পর ভাইরাসটিকে ছড়িয়ে দেয়ার ঝুঁকি বৃদ্ধি করেছে। হাম অত্যন্ত ছোঁয়াচে, কিন্তু MMR (মিজলস, মামস্ এবং রুবেলা) ভ্যাকসিন দ্বারা প্রায় পুরোপুরি প্রতিরোধযোগ্য। MMR প্রতিষেধক হলো নিরাপদ এবং দুইটি ডোজ গ্রহণের পর তা হাম থেকে 97% সুরক্ষা দেয়। আপনি যদি এই স্প্রিং-এ (বসন্তে) বা সামারে (গ্রীষ্মে) ভ্রমণে বের হন, বিশেষ করে অন্য কোনো দেশে, নিশ্চিত করবেন যে আপনার

সন্তান MMR ভ্যাকসিনের দুইটি ডোজই সে গ্রহণ করেছে। ভ্রমণকালে আপনার সন্তান যাতে সুরক্ষিত থাকতে পারে, সেজন্য আপনার সন্তানের সেবাপ্রদানকারী একটি নবায়িত ভ্যাকসিন-কর্মসূচি দিতে পারেন।

NYC স্কুলগুলোর ভ্যাকসিন আবশ্যিকতা সম্পর্কে তথ্যের জন্য [schools.nyc.gov/school-life/health-and-wellness/immunizations](https://schools.nyc.gov/school-life/health-and-wellness/immunizations) ওয়েবসাইট দেখুন। আপনার যদি কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী না থাকে, তাহলে আপনার নিকটস্থ NYC হেলথ + হসপিটালস্ খুঁজে পেতে [nychealthandhospitals.org/locations](https://nychealthandhospitals.org/locations) ওয়েবপেজ দেখুন বা 844-NYC-4NYC (844-692-4692) নম্বরে ফোন করুন। এছাড়াও আপনি ব্রুকলিনে NYC হেলথ ডিপার্টমেন্ট-এর ফোর্ট গ্রিন হেলথ সেন্টারে যেতে পারেন। অ্যাপয়েন্টমেন্ট আবশ্যিক: ওয়েবপেজ [nyc.gov/health](https://nyc.gov/health) দেখুন এবং অনলাইন অ্যাপয়েন্টমেন্ট ফর্ম পূরণ করতে [immunization clinics](https://immunizationclinics.nyc.gov/) খুঁজুন, কিংবা অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কিত প্রশ্ন থাকলে 311 নম্বরে ফোন করুন।

এছাড়াও সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে অন্যান্য প্রতিষেধক, যেমন COVID-19, ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) এবং HPV (হিউম্যান প্যাপিলোমাইনোভাইরাস) সম্পর্কে প্রশ্ন করতে আপনাকে উৎসাহিত করছি, যদিও সেটা আপনার সন্তানের স্কুলে যাওয়াতে বাধ্যতামূলক নয়, তবে তার স্বাস্থ্য সুরক্ষার জন্য তা গুরুত্বপূর্ণ। শুধু 13 বছর বা তদোর্ধ্ব বয়সী কিশোরকিশোরীদের অর্ধেক তাদের যথাযথ বয়সোপযোগী HPV প্রতিষেধক গ্রহণ করেছে, যদিও HPV-এর দ্বারা ক্যান্সার আক্রান্ত হওয়া প্রতিরোধ করতে HPV ভ্যাকসিন অত্যন্ত কার্যকর।

আমরা চাই এই স্প্রিং-এ (বসন্তে) এবং তারপরেও আপনি ও আপনার পরিবার সুস্থ থাকুক। প্রতিষেধক সম্পর্কে আরও তথ্যের জন্য আমি আপনাকে সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন-এর প্যারেন্টস্ অ্যান্ড কেয়ারগিভার্স ওয়েবপেজ [cdc.gov/vaccinesafety/caregivers](https://cdc.gov/vaccinesafety/caregivers) দেখতে সুপারিশ করছি।

আপনার পরিবারের নিরাপদ ও সুস্থ স্প্রিং-এর (বসন্তের) ছুটি কামনা করছি।

আন্তরিকভাবে,

অ্যাশউইন ভাসান, MD, PhD

কমিশনার

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ

হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন